**যেকোনো শব্দের শুদ্ধ বা সঠিক ব্যবহারের নাম হলো প্রয়োগ আর ভুল ব্যবহারকে বলে অপপ্রয়োগ ।**

⇒ ভাষার নিয়ম-শৃঙ্খলা সম্পর্কে অজ্ঞতার কারণেই ভাষার অপপ্রয়োগ ঘটে।

⇒ ভাষার অপপ্রয়োগ ঘটে তিনটি কারণে। যথা: ১। উচ্চারণ দোষে ২। শব্দ গঠন ত্রুটিতে ৩। শব্দের অর্থগত বিভ্রান্তিতে।

**কিছু নিয়ম এবং এ সংক্রান্ত প্রয়োগ-অপপ্রয়োগ আলোচনা করা হলো-**

**নিয়ম ১**

⇒ দুটি বহুবচন/ একই অর্থবোধক ২টি শব্দ থাকলে ১টি শব্দ বাদ দিতে হবে। যেমন- 'সকল ছাত্র-ছাত্রীরা উপস্থিত' কথাটি ভুল।

কারণ, সকল ও ছাত্র- ছাত্রীরা ২টি শব্দই বহুবচন। সুতরাং, বলতে হবে 'সকল ছাত্র-ছাত্রী উপস্থিত' অথবা 'ছাত্র-ছাত্রীরা উপস্থিত'

অনুরূপ- 'সদাসর্বদা' কথাটি ভুল। কারণ ২টি শব্দই একই অর্থবোধক। তাই বলতে হবে 'সদা' অথবা 'সর্বদা'।

**সমার্থ শব্দের বাহুল্যজনিত গুরুত্বপূর্ণ কিছু অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| অশ্রুজল | অশ্রু/চোখের জল | প্রতি ঘরেঘরে | প্রতিঘরে/ ঘরে ঘরে | সবিনয়পূর্বক | সবিনয় বিনয়পূর্বক |
| অদ্যাপিও | অদ্যাপি/অদ্যও | ফলফুট | হাল ফুট | সাবধানপূর্বক | সাবধানে |
| আয়ত্তাধীন | আয়ত্ত/অধীন | ফলশ্রুত | ফল/পরিণতি | সুস্বাগত | স্বাগত |
| আকণ্ঠ পর্যন্ত | আকণ্ঠ /কণ্ঠ পর্যন্ত | বমালসহ | বমাল/মালসহ | সদাসর্বদা | সদা/সর্বদা |
| ইদানীংকালে | ইদানীং | বৈদেহী/বিদেহী | বিদেহ/ দেহহীন | সময়কাল | সময়/কাল |
| উন্নতশীল | উন্নত/উন্নয়নশীল | বিবিধ প্রকার | বিবিধ | সম্প্রতিককাল | সাম্প্রতিক সম্প্রতি |
| কদাপিও | কদাপি | ভাষাভাষী | ভাষী | সকাতর | কাতর |
| কর্তৃপক্ষগণ | কর্তৃপক্ষ | যদ্যাপি | যদ্যপি/যদিও | স্বস্ত্রীক | সস্ত্রীক |
| কেবলমাত্র | কেবল/মাত্র | রাষ্ট্রকরণ | রাষ্ট্রীয়করণ/রাষ্ট্রায়াত্তকরণ | সমতুল্য | সম/ তুল্য |
| চলাকালীন সময় | চলাকালীন | শুধুমাত্র | শুধু মাত্র | স্বশঙ্কিত | শঙ্কিত/শঙ্ক |
| তৎকালীন সময়ে | তৎকালীন | সমৃদ্ধশালী | সমৃদ্ধ/ সমৃদ্ধিশালী | সমকালীন সময় | সমকালীন |
| দুর্নিবার্য | দুর্নিবার | সমূলসহ | সমূল/মূলসহ | স্বপরিবারে | সপরিবারে/পরিবারসহ |
| নিশীরাত্রি | নিশীথ/গভীররাত্রি | সুবুদ্ধিমান | সুবুদ্ধি/বুদ্ধিমান | স্বশস্ত্র | সশস্ত্র |

**নিয়ম ২**

⇒ কোনো 'বিশেষণ" (Adjective) পদের সাথে তা/য/য-ফলা() বসলে সেই শব্দটি 'বিশেষ্য' (Noun) হবে।
যেমন:- দরিদ্র (বিশেষণ) + তা = দরিদ্রতা (বিশেষ্য); দরিদ্র (বিশেষণ) + য() = দারিদ্র্য (বিশেষ্য)।

[**মনে রাখতে হবে:** বিশেষ্যের পরে তা বসলে প্রত্যয়জনিত ভুল হবে। যেমন:- দারিদ্র্য + তা = দারিদ্র্যতা (প্রত্যয়জনিত ভুল)।]

**কতিপয় গুরুত্বপূর্ণ প্রত্যয়জনিত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| অধীনস্থ | অধীন | গ্রাহ্যণীয় | গ্রাহ্য | বৈচিত্র্যতা | বিচিত্রতা/বৈচিত্র্য |
| আবশ্যকীয় | আবশ্যক | জন্মজয়ন্তী | জয়ন্তী | মুখরিত | মুখর |
| অসহ্যনীয় | অসহ্য/ অসহনীয় | দারিদ্রতা | দারিদ্র্য/দরিদ্রতা | মান্যনীয় | মান্য |
| অভিধানিক | আভিধানিক | দৈন্যতা | দীনতা/ দৈন্য | শস্যশালিনী | শস্যশালী |
| উৎকণ্ঠা | উৎকর্ষ উৎকণ্ঠাতা | দোষণীয় | দুষণীয় | শ্রেষ্ঠতর শ্রেষ্ঠতম | শ্রেষ্ঠ। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ঐক্যতান | ঐকতান | দৌরাত্ম | দৌরাত্ম্য | স্বাতন্ত্র | স্বতন্ত্রতা/স্বাতন্ত্র্য |
| ঐক্যমত | ঐকমত্য | নিঃশেষিত | নিঃশেষ | সামঞ্জস্যতা | সামঞ্জস্য |
| একত্রিত | একত্র | পৈত্রিক | পৈতৃক | সৌজন্যতা | সৌজন্য |
| কার্যকরী | কার্যকর | বাহুল্যতা | বাহুল্য | সৌন্দর্য | সৌন্দর্য |

**নিয়ম ৩**

⇒ অহো/দিবা/অর্ধ/মধ্য এই শব্দগুলোর পরে 'রাত্রি' থাকলে রাত্রি শব্দটি পরিবর্তন হয়ে রাত্র হবে।
যেমন: অহো+রাত্রি = অহোরাত্র, দিবা + রাত্রি = দিবারাত্র । [ ব্যতিক্রম: দিনরাত্রি ("দিনরাত্র" নয়) ]

⇒ 'পিতা/মাতা/ভ্রাতা' এর পরে অন্য শব্দ থাকলে যথাক্রমে পিতৃ/মাতৃ/ভাতৃ হবে। যেমন: ভ্রাতা + বৃন্দ = ভ্রাতৃবৃন্দ শব্দের শুরুতে নির/নি/নী থাকলে ঐ শব্দের শেষে 'ঈ' হবে না। যেমন: নিরহঙ্কারী (ভুল) - নিরহঙ্কার (শুদ্ধ); নিষ্পাপী - নিষ্পাপ

⇒ কালী/ষষ্ঠী/দেবী শব্দগুলোর পরে দাস বসলে শব্দগুলোতে 'ই' কার হবে। যেমন: দেবিদাস, কালিদাস, ষষ্ঠিদাস।

**গুরুত্বপূর্ণ কিছু সমাস সাধিত শব্দের অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| অতলস্পর্শী | অতলস্পর্শ | নিরহঙ্কারী | নিরহঙ্কার | মধ্যরাত্রি | মধ্যরাত্র |
| অহোরাত্রি | অহোরাত্র | পিতাহারা | পিতৃহারা | মহারাজা | মহারাজ |
| কালীদাস | কালিদাস | পথমধ্যে | পথিমধ্যে | রাজাগণ | রাজগণ |
| দিবারাত্রি | দিবারাত্র | ভ্রাতাবৃন্দ | ভ্রাতৃবৃন্দ | শশীভূষণ | শশিভূষণ |
| নিষ্পাপী | নিষ্পাপ | মাতাহারা | মাতৃহারা | সংশয়পূর্ণ | সংশয়াপন্ন |

**নিয়ম ৪**

⇒ প্রতি বর্গের তৃতীয় বর্ণ পরিবর্তন হয়ে প্রথম বর্ণ হবে। অর্থাৎ গ > ক, জ > চ, ড > ট, দ > ত, ব > প হবে।
যেমন: দিগন্ত = দিক্ + অন্ত ; সুবন্ত = সুপ্ + অন্ত ইত্যাদি।

⇒ বিসর্গ (ঃ) এর পরে ক/খ, প/ক্ষ, শ/স থাকলে বিসর্গ (ঃ) বহাল থাকবে। যেমন: - ইতঃপূর্বে, মনঃকষ্ট, উচ্চৈঃস্বরে ইত্যাদি ।

কিন্তু বিসর্গ (ঃ) এর পরে উপরের ৬টি বর্ণ না থাকলে বিসর্গের স্থানে ও হবে। যেমন:- ইতঃ + মধ্যে = ইতোমধ্যে; তপ ঃ + বন = তপোবন

**সন্ধির অপপ্রয়োগ**

| **অপপ্রয়োগ** | **শুদ্ধ প্রয়োগ** | **অপপ্রয়োগ** | **শুদ্ধ প্রয়োগ** | **অপপ্রয়োগ** | **শুদ্ধ প্রয়োগ** |
|---|---|---|---|---|---|
| অধ্যবধি | অদ্যাবধি | পশ্বাধম | পশ্বধম | শিরচ্ছেদ | শিরশ্ছেদ |
| উপরোক্ত | উপর্যুক্ত/উপরি-উক্ত | পৃথকান্ন | পৃথগন্ন | শিরোপীড়া | শিরঃপীড়া |
| চলৎশক্তি | চলচ্ছক্তি | মনোকষ্ট | মনঃকষ্ট | শীততাপ | শীতাতপ |
| তরুছায়া | তরুচ্ছায়া | মনযোগ | মনোযোগ | স্বতো স্ফূর্ত | স্বতঃস্ফূর্ত |
| দুরাবস্থা | দুরবস্থা | বাগেশ্বরী | বাগীশ্বরী | সম্বর্ধনা | সংবর্ধনা |
| দুরাদৃষ্ট | দুরদৃষ্ট | বন্দোপাধ্যায় | বন্দ্যোপাধ্যায় | সংশ্রব | সংস্রব |

**নিয়ম ৫**

⇒ ঋ/ ঋ-কার (,), র/ র-ফলা (এ), রেফ () এবং ষ/ক্ষ এর পরে 'ণ' হবে। যেমন: - ঋণ, তৃণ, মরণ, প্রাণ, বর্ণ, ভাষণ, ক্ষণিকা ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) বর্ণের পূর্বে 'ণ' হবে। যেমন:- বণ্টন, কণ্ঠ, কাণ্ড ইত্যাদি।

⇒ কিছু শব্দে ঋ, র, ষ এবং ট-বর্গীয় বর্ণ না থাকলেও স্বভাবতই 'ণ' হয়। যেমন: - চাণক্য, বাণিজ্য, তৃণ, কঙ্কণ, ফণী, শোণিত।

⇒ কোন শব্দে র/র-ফলা/রেফ থাকলে ঐ শব্দে হ্ণ (হ+ণ) হবে অন্যথায় হ্ন (হ+ ন) হবে। যেমন: অপরাহ্ণ, পূর্বাহ্ণ, মধ্যাহ্ন, সায়াহ্ন

⇒ কিছু তৎসম শব্দের 'ণ' পরিবর্তন হয়ে তদ্ভব হলে দন্ত্য-ন হয়। যেমন: - পুরাণ (তৎসম)- পুরানো/পুরোনো (তদ্ভব)।

⇒ কতিপয় সন্ধি ও সমাসবদ্ধ শব্দে 'ণ' বসে না। যেমন: - অহর্ণিশ (ভুল) - অহর্নিশ (শুদ্ধ); হরিণাম (ভুল) - হরিনাম (শুদ্ধ), ত্রিণয়ন (ভুল) - ত্রিনয়ন (শুদ্ধ), দুর্ণীতি (ভুল) - দুর্নীতি (শুদ্ধ), দুর্ণিবার (ভুল) - দুর্নিবার (শুদ্ধ) ইত্যাদি।

⇒ বিদেশি শব্দে 'ণ' বসে না । যেমন: মডার্ণ (ভুল) - মডার্ন (শুদ্ধ)।

**'ন' এবং 'ণ' সংক্রান্ত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| কুর'আণ | কুর'আন (আরবি শব্দ) | পুরণো | পুরানো/পুরোনো | মূর্ধণ্য | মূর্ধন্য |
| গভর্ণর | গভর্নর (ইংরেজি শব্দ) | পরগণা | পরগনা | ম্রিয়মান | ম্রিয়মাণ |
| চিক্কন | চিক্কণ | পরিনাম | পরিণাম | রুক্মিনী | রুক্মিণী |
| যন্ত্রনা | যন্ত্রণা | ফেনী | ফণী | লবন | লবণ |
| ঠাণ্ডা | ঠান্ডা (হিন্দি শব্দ) | বানিজ্য | বাণিজ্য | শিহরণ | শিহরন(তদ্ভব শব্দ) |
| নিক্কন | নিক্কণ | ভনিতা | ভণিতা | শূণ্য | শূন্য |
| তৎক্ষন | তৎক্ষণ | ভ্রাম্যমান | ভ্রাম্যমাণ | সরনি | সরণি |

**নিয়ম ৬**

⇒ অ/আ এর পরে → 'স' হয় । যেমন: - নমস্কার, পুরস্কার, মিথস্ক্রিয়া ইত্যাদি। থ+অ+স

- অ/আ ছাড়া অন্যসব স্বরবর্ণ (ই/ঈ/উ/ঊ/ঋ/এ/এ/ও/ ঔ) এর পরে→ 'ষ' হয়। যেমন: - আবিষ্কার, কল্যাণীয়েষু, অনুষঙ্গ।

বিদেশি শব্দে 'ষ' বসে না। যেমন:- জিনিস (আরবি শব্দ), পুলিশ (ইংরেজি), ইস্পাত (পর্তুগিজ) ইত্যাদি ।

⇒ ইংরেজি শব্দের st = বাংলায় 'স্ট' হবে। যেমন: - স্টেশন, পোস্টমাস্টার ইত্যাদি ।

+四+ ন+উ+য

**শ/ষ/স সংক্রান্ত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| অনসন | অনশন | নিস্পৃহ | নিস্পৃহ | প্রাষঙ্গিক | প্রাসঙ্গিক |
| আশীষ | আশিস | নৃসংশ | নৃশংস | ভষ্ম | ভস্ম |
| আনুসঙ্গিক | আনুষঙ্গিক | পরিস্কার | পরিষ্কার | মনীসা | মনীষা |
| কুসাশন | কুশাসন | পরিস্ফুট | পরিস্ফুট | সংশ্রব | সংস্রব |
| চাক্ষুস | চাক্ষুষ | পিচাশ | পিশাচ | ষ্টেশন | স্টেশন |
| ধ্বংশ | ধ্বংস | পোষ্টমাষ্টার | পোস্ট মাস্টার | সুশ্রূষা | শুশ্রূষা |
| নমষ্কার | নমস্কার | প্রসংশা | প্রশংসা | সুসুপ্ত | সুষুপ্ত |

**নিয়ম ৭**

স্বত্ব (স্ব + ত্ব) ; শব্দের অর্থ 'মালিকানা' । যমেন: গ্রন্থস্বত্ব, স্বত্ব ত্যাগ ইত্যাদি ।

সত্তা (সৎ + তা); শব্দের অর্থ 'অস্তিত্ব'। যমেন: ব্যক্তিসত্তা, জাতিসত্তা ইত্যাদি।

সত্ত্ব (সৎ + ত্ব ); শব্দের অর্থ গুণ/ফলের রস। যেমন: সত্ত্বগুণ, আমসত্ত্ব [ব্যতিক্রম: অন্তঃসত্ত্বা]

[বি.দ্র তত্ত্ব থাকলেই 'ত্ত্ব' হবে। যেমন- তত্ত্বীয়, তাত্ত্বিক, প্রত্নতত্ত্ব

সকল 'আয়ত্ত বানানে সব সময় 'ত্ত' হবে (কখনোই 'ত্ব/ত্ত্ব' হবে না)। যেমন: স্বায়ত্ত (স্ব+আয়ত্ত), করায়ত্ত ইত্যাদি। 'স' অর্থ সাথে আর 'স্ব' অর্থ নিজ। যেমন: স্ববিনয় (ভুল) - সবিনয় (শুদ্ধ); সাধিকার (ভুল) - স্বাধিকার (শুদ্ধ)।

**ব-ফলার অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| আয়ত্ত্ব | আয়ত্ত | স্ববিনয় | সবিনয় | স্বত্তা | সত্তা |
| ইয়ত্ত্বা | ইয়ত্তা | স্বচ্ছল | সচ্ছল | স্বত্ত্বিক | সাত্ত্বিক |
| স্বস্ত্রীক | সস্ত্রীক | স্বরস্বতী | সরস্বতী | স্বত্ত্ব | স্বত্ব |
| স্বপরিবারে | সপরিবারে | স্বারকথা | সারকথা | স্বায়ত্ত্বসাশন | স্বায়ত্তশাসন |

**নিয়ম ৮:** 'ব্য' হলো সন্ধিবদ্ধ শব্দাংশ। কোনো শব্দের শুরুতে 'ব্য' থাকলে ঐ শব্দটি ভাঙতে হবে 'বি + অ' দিয়ে । যেমন: ব্যস্ত = বি + অস্ত ; ব্যতীত = বি + অতীত, ব্যক্ত= বি + √অন্জ+ত ।

**'ব্যা" এর অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| ব্যাক্ত | ব্যক্ত | ব্যাতিহার | ব্যতিহার | ব্যাবস্থা | ব্যবস্থা |
| ব্যাক্তি | ব্যক্তি | ব্যাতিক্রম | ব্যতিক্রম | ব্যাবসায় | ব্যবসায় |
| ব্যাগ্র | ব্যগ্র | ব্যাথিত | ব্যথিত | ব্যাবধান | ব্যবধান |
| ব্যাঞ্জন | ব্যঞ্জন | ব্যাথা | ব্যথা | ব্যাবহার | ব্যবহার |
| ব্যাস্ত | ব্যাতীত | ব্যস্ত ব্যতীত | ব্যাধিকরণ | ব্যধিকরণ | ব্যাভিচার |
| ব্যাতীত | ব্যতীত | ব্যাষ্টি | ব্যষ্টি | ব্যায় | ব্যয় |

**নিয়ম ৯:** ব্যা' হলো সন্ধিবদ্ধ শব্দাংশ । কোনো শব্দের শুরুতে 'ব্যা' থাকলে শব্দটি ভাঙতে হবে 'বি + আ' দিয়ে । যেমন: ব্যারাম = বি + আরাম ; ব্যাঘাত= বি + আঘাত ।

**'ব্য' এর অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| ব্যকরণ | ব্যাকরণ | ব্যধি | ব্যাধি | ব্যপ্ত | ব্যাপ্ত |
| ব্যকুল | ব্যাকুল | ব্যনার | ব্যানার | ব্যমো | ব্যামো |
| ব্যখ্যা | ব্যাখ্যা | ব্যপী | ব্যাপী | ব্যরিস্টার | ব্যারিস্টার |
| ব্যঘাত | ব্যাঘাত | ব্যরাম | ব্যারাম | ব্যস | ব্যাস |
| বাঘ | ব্যাঘ্র | ব্যপার | ব্যাপার | ব্যলেন্স | ব্যালেন্স |
| ব্যধ | ব্যাধ | ব্যপন | ব্যাপন | ব্যয়াম | ব্যায়াম |

**নিয়ম ১০**

শব্দের শেষে কৃৎ/চিৎ/জিৎ/সাৎ থাকলে খণ্ড -ত (ৎ) হবে। যেমন-পথিকৃৎ, কিঞ্চিৎ, ক্বচিৎ,বিশ্বজিৎ, অগ্নিসাৎ, ধূলিসাৎ ইত্যাদি । খণ্ড-ত (ৎ) এর পরে কোন বর্ণ/শব্দ আসলে ৎ পরিবর্তন হয়ে 'ত' হয়ে যাবে। যেমন- জগৎ + এ = জগতে; মহৎ + ত = মহত্ত্ব ইত্যাদি ।

**ত এবং খণ্ড-ত (ৎ) অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| আত্মসাত | আত্মসাৎ | কিঞ্চিত | কিঞ্চিৎ | বিপদসঙ্কুল | বিপৎসঙ্কুল |
| ইন্দ্রজিত | ইন্দ্রজিৎ | স্মুৎপিপাসা | ক্ষুৎপিপাসা | মাৎসর্য্য | মাৎসর্য (হিংসা) |
| উচিৎ | উচিত | ধূলিস্যাত | ধূলিসাৎ | যুগপত | যুগপৎ |
| ক্বচিত | ক্বচিৎ | পথিকৃত | পথিকৃৎ | হৃদপিন্ড | হৃৎপিণ্ড |

**অন্যান্য অপপ্রয়োগ সমূহ:**

**লিঙ্গ জনিত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| অনাথিনী | অনাথা | ডাহুকিনী | ডাহুকী | বিহঙ্গিনী | বিহঙ্গী |
| অধীনী | অধীনা | ত্রিনয়নী | ত্রিনয়না | রজকিনী | রজকী |
| অর্ধাঙ্গিনী | অর্ধাঙ্গী | ননদী | ননদ | সিংহিনী | সিংহী |
| অপ্সরী | অপ্সরা | নির্দোষিনী | নির্দোষ | সর্পিনী | সর্পী |
| চাতকিনী | চাতকী | বিদ্বানী | বিদুষী | সুকেশীনি | সুকেশা/ সুকেশী |

**'অ' এবং 'ও' কার সংক্রান্ত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| আমদ | আমোদ | ওতোপ্রোত | ওতপ্রোত | মনযোগ | মনোযোগ |
| আলচ্য | আলোচ্য | কথপোকথন | কথোপকথন | মনমোহন | মনোমোহন |
| আপোস | আপস | পৌরহিত্য | পৌরোহিত্য | মনরঞ্জন | মনোরঞ্জন |
| উপোযোগী | উপযোগী | ভৌগলিক | ভৌগোলিক | সদ্যজাত | সদ্যোজাত |

**'র' এবং 'ড়' সংক্রান্ত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| কাপর | কাপড় | গড়ুর | গরুড় | মারোয়াড়ী | মাড়োয়াড়ি |
| খেলোয়ার | খেলোয়াড় | মাকরসা | মাকড়সা | শতকড়া | শতকরা |

**ট এর অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| কোষ্টী | কোষ্ঠী | ঘনিষ্ট | ঘনিষ্ঠ | প্রকোষ্ট | প্রকোষ্ঠ |
| কনিষ্ট | কনিষ্ঠ | জ্যৈষ্ট | জ্যৈষ্ঠ | বলিষ্ট | বলিষ্ঠ |

**খ এবং ক্ষ এর অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আকাঙ্খা | আকাঙ্ক্ষা | পুঙ্ক্ষানুপুঙ্ক্ষ | পুঙ্খানুপুঙ্খ | কামাক্ষ্যা | কামাখ্যা |

**গুরুচণ্ডালী সংক্রান্ত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
| --- | --- | --- | --- | --- | --- |
| গরুর শকট | গরুর গাড়ি | মড়াদাহ | মড়াপোড়া | শবপোড়া | শবদাহ |

**কতিপয় প্রচলিত অপপ্রয়োগ**

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| আবশ্যকীয় | আবশ্যক | মহিমায়ময় | মহিমময় | সমসাময়িক | সামসময়িক |
| দুর্লজ্ঘ্যনীয় | দুর্লজ্ঘ্য | মুহ্যমান | মোহ্যমান | স্বচ্ছলতা | সচ্ছলতা |

## বিভ্রান্তিমূলক কিছু শব্দের প্রয়োগ-অপপ্রয়োগ

| ক্র.নং | বিভ্রান্তিমূলক শব্দ | প্রকৃত ব্যাখ্যা |
|---|---|---|
| ১ | অত্র | শব্দটির মূল অর্থ 'এখানে' । অত্র শব্দটি দিয়ে কখনোই 'এই' বুঝায় না। যেমন: "অত্র (এই) বিদ্যালয়" কথাটি ভুল। কিন্তু "অত্র (এখানে) অবস্থিত" কথাটি শুদ্ধ । |
| ২ | অত্র | শব্দটির মূল অর্থ 'এখানে' । অত্র শব্দটি দিয়ে কখনোই 'এই' বুঝায় না। যেমন: "অত্র (এই) বিদ্যালয় কথাটি ভুল। কিন্তু "অত্র (এখানে) অবস্থিত" কথাটি শুদ্ধ । |
| ৩ | অপোগণ্ড | শব্দটির অর্থ 'নাবালক' বা অপ্রাপ্ত বয়স্ক বালক। অপদার্থ, অকর্মণ্য, অলস অর্থে শব্দটির প্রয়োগ অশুদ্ধ। |
| ৪ | অজ্ঞান | 'অজ্ঞান' বিশেষণ পদটির অর্থ মূর্খ, অজ্ঞ, অচৈতন্য । |
| ৫ | আঙ্গিক | আঙ্গিক শব্দের অর্থ অঙ্গ সম্বন্ধীয়। কলাকৌশল অর্থে 'আঙ্গিক' শব্দটির ব্যবহার অশুদ্ধ । |
| ৬ | আন্তর্জাতিক | শব্দটির অর্থ সর্বরাষ্ট্রিক বা বিভিন্ন রাষ্ট্র সম্বন্ধীয়। বিভিন্ন জাতি সংক্রান্ত বা সার্বজাতিক অর্থে শব্দটির প্রয়োগ অশুদ্ধ। |
| ৭ | আশ্চর্য | 'আশ্চর্য' শব্দের মূল অর্থ 'বিস্ময়কর'। বিস্মিত অর্থে আশ্চর্য শব্দটির ব্যবহার শুদ্ধ নয়। বিস্মিত অর্থে আশ্চর্য শব্দটির শুদ্ধরূপ হবে 'আশ্চর্যান্বিত'। |
| ৮ | উদ্দেশ্যে/উদ্দেশে | 'উদ্দেশ্যে' শব্দটির অর্থ বিশেষ লক্ষ্যসাধনের অভিপ্রায়ে। যেমন: বিসিএস এর উদ্দেশ্যে পড়ছি। অন্যদিকে 'উদ্দেশে" শব্দটির অর্থ দিকে। যেমন: ঢাকার উদ্দেশে রওনা হব। |
| ৯ | উপরোক্ত | উপরোক্ত শব্দের কোনো অর্থ নেই, শব্দটি অশুদ্ধ। উপরে উক্ত(উল্লিখিত) বোঝাতে 'উপর্যুক্ত' শব্দটি ব্যবহৃত হয়। উপর্যুক্ত (উপরি + উক্ত) শব্দটি সন্ধির নিয়ম অনুযায়ী শুদ্ধ। |
| ১০ | উল্লেখিত/উল্লিখিত | উল্লেখিত শব্দটি সন্ধির নিয়মে অশুদ্ধ। উপরে লিখিত বুঝাতে উল্লিখিত (উৎ + লিখিত) শব্দটি ব্যবহার করতে হবে যা সন্ধির নিয়মে শুদ্ধ। |
| ১১ | কর্মব্যপদেশে | কর্মব্যপদেশে শব্দের অর্থ কাজের ছুতায়। 'কর্মসূত্রে' অর্থে শব্দটির প্রয়োগ ভুল। |
| ১২ | কৃচ্ছ্র/কৃচ্ছ্রতা | কৃচ্ছ্র শব্দের অর্থ শারীরিক ক্লেশ বা কষ্টসাধ্য ব্রত। 'কৃচ্ছ্র' শব্দটি বিশেষ্য পদ। তাই এর সাথে 'তা' প্রত্যয় বসিয়ে কৃচ্ছ্রতা লিখলে অপপ্রয়োগ হবে । |
| ১৩ | কার্যকর/কার্যকরী/ কার্যকারী | উপযোগী, ফলদায়ক, ক্রিয়াসাধক অর্থে **৩টি শব্দই সঠিক।**<br>(সূত্র: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী) |
| ১৪ | খাঁটি গরুর দুধ | কথাটি অর্থহীন। এর শুদ্ধরূপ হবে 'গরুর খাঁটি দুধ'। |
| ১৫ | তাপদাহ | তাপ অর্থ উষ্ণতা, উত্তাপ বা দাহ। সুতরাং 'তাপদাহ' অর্থ দাঁড়ায় দাহদাহ । যার কোনো অর্থ নেই। 'তাপদাহ' শব্দটি অশুদ্ধ। এর শুদ্ধরূপ হলো দাবদাহ (দাবানলের তাপ)। |
| ১৬ | পদক্ষেপ | পদক্ষেপ শব্দের অর্থ পা ফেলা বা পদার্পণ। কিন্তু আমরা ব্যবস্থা গ্রহণ অর্থে প্রায়ই শব্দটি ব্যবহার করি। সুতরাং ব্যবস্থা গ্রহণ অর্থে 'পদক্ষেপ' শব্দের ব্যবহার সম্পূর্ণ ভুল। |
| ১৭ | প্রামাণ্য | 'প্রামাণ্য' বিশেষণ পদটি প্রামাণিক, বিশ্বাসযোগ্য, দলিলসিদ্ধ ইত্যাদি অর্থে সঠিক। যেমন- প্রামাণ্যচিত্র |
| ১৮ | পূর্বাহ্ণ | 'পূর্বাহ্ণ' শব্দের অর্থ দিনের প্রথম ভাগ বা সকালবেলা । তাই পূর্বে বা আগে অর্থে 'পূর্বাহ্ণ' শব্দটির ব্যবহার ঠিক নয়। |
| ১৯ | পুনর্মিলনী | 'পুনর্মিলন' অর্থ বিচ্ছেদের পর পুনরায় মিলন। আর, 'পুনর্মিলনী' অর্থ কোনো প্রতিষ্ঠানের প্রাক্তন/প্রাক্তনীদের একত্র মিলিত হওয়ার উৎসব। সুতরাং 'পুনর্মিলনী' বুঝাতে পুনর্মিলন |

| | | |
|---|---|---|
| | | শব্দটির ব্যবহার করলে ভুল হবে। |
| ২০ | **প্রেক্ষিত** | শব্দটির অর্থ প্রেক্ষণ বা দর্শন করা হয়েছে এমন। পরিপ্রেক্ষিত (পটভূমি বা পারিপার্শ্বিক) অর্থে শব্দটির ব্যবহার ঠিক নয় । |
| ২১ | **ফরাসীয়** | ‘ফরাসি শব্দের অর্থই ফরাসি দেশীয়। তাই ‘ফরাসি' শব্দের সাথে নতুন করে ‘ঈয়’ প্রত্যয় যোগ করলে অপপ্রয়োগ হবে। রুশীয়, মার্কিনীয় ইত্যাদি ব্যবহার একই রকম অপপ্রয়োগ । |
| ২২ | **বিদেহী/বৈদেহী** | বিদেহ (দেহশূন্য/অশরীরী) শব্দটি বিশেষণ এবং শুদ্ধ শব্দ। ‘বিদেহ” শব্দের সাথে পুনরায় ঈ-যোগ করে বিদেহী বা বৈদেহী লিখলে অপপ্রয়োগ হবে। |
| ২৩ | **স্বপরিবার/সপরিবার** | ‘স্ব' অর্থ নিজ আর 'স' অর্থ সহ/সাথে। যেমন: আপনি স্বপরিবারে (নিজ পরিবারে) আমন্ত্রিত বললে অর্থগত ভুল হবে। শব্দটির প্রয়োগ হবে ‘সপরিবার বা পরিবারসহ । |
| ২৪ | **লক্ষ/লক্ষ্য** | 'লক্ষ' শব্দটি ক্রিয়া হিসেবে এবং সংখ্যার ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন: আপনি বিষয়টি লক্ষ করুন (ক্রিয়া); আমাকে এক লক্ষ টাকা দাও (সংখ্যা)। অন্যদিকে 'লক্ষ্য' শব্দটি উদ্দেশ্য অর্থে ব্যবহৃত হয়। |

18-2-2008

## বাক্য শুদ্ধিকরণ

| কতিপয় বাক্যাংশের শুদ্ধরূপ | |
|---|---|
| **অশুদ্ধ বাক্যাংশ** | **শুদ্ধ বাক্যাংশ** |
| আতিথ্য সৎকার | অতিথি সৎকার |
| অত্র অবস্থিত | এখানে অবস্থিত |
| আবশ্যক নাই | আবশ্যকতা নাই |
| আবশ্যকীয় ব্যয় | আবশ্যক ব্যয় |
| অপমান হইবার ভয় | অপমানিত হইবার ভয় |
| আরোগ্য হলাম | আরোগ্য লাভ করলাম |
| আবকাশ নাই | অবকাশ নাই |
| আশ্চর্যান্বিত ঘটনা | আশ্চর্য ঘটনা |
| আশ্চর্য হইল | আশ্চর্যান্বিত হল |
| আপ্রাণ চেষ্টা | প্রাণপণ চেষ্টা |
| আরম্ভ হইল | শুরু হল |
| উদয় হইল | উদিত হইল |
| গোপন কথা | গোপনীয় কথা |
| গৌরব লোপ পাইয়াছে | গৌরব লুপ্ত হয়েছে |
| তার স্থান সর্বশীর্ষে | তার স্থান শীর্ষে |
| করা কর্তব্য | করা উচিত |
| কৃতকার্যতার সহিত | কৃতিত্বের সহিত |
| জীবন সংশয় | জীবন সংশয়াপন্ন |
| মৌন হইয়া রহিলেন | মৌনী হইয়া রহিলেন |
| প্রমাণ হয়েছে | প্রমাণিত হয়েছে |
| প্রবেশ নিষেধ | প্রবেশ নিষিদ্ধ |
| পুষ্পের সুরভি | পুষ্পের সৌরভ |
| ভয়ঙ্কর ক্ষুধা | অত্যন্ত ক্ষুধা |
| শোকানলে মগ্ন | শোক সাগরে নিমজ্জিত |
| সকল লোকেরাই | সকল লোকই |
| সঙ্কট অবস্থা | সঙ্কটাপন্ন অবস্থা |
| সযত্নপূর্বক | যত্নপূর্বক |
| সম্ভাব্য নয় | সম্ভবপর নয় |
| সকল দর্শকমণ্ডলী | সকল দর্শক/দর্শকমণ্ডলী |
| সব উপদেষ্টামণ্ডলী | সব উপদেষ্টা/উপদেষ্টামণ্ডলী |

- **গুরুত্বপূর্ণ বাক্য শুদ্ধিকরণ**

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|

| | |
|---|---|
| তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল | তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল |
| অকারণে ঋণ করিও না। | অকারণে ঋণ করো না। |
| আমি কারো সাতেও নেই, সতেরোতেও নেই। | আমি কারো সাতেও নেই, পাঁচেও নেই। |
| অতিশয় দুঃখিত হলাম। | অতিশয় দুঃখ পেলাম। |
| অতি লোভে তাঁতী নষ্ট | অতি লোভে তাঁতি নষ্ট । |
| অপমান হবার ভয় নেই। | অপমানিত হবার ভয় নেই। |
| অধ্যায়নই ছাত্রদের তপস্যা। | অধ্যয়নই ছাত্রদের তপস্যা। |
| অন্যায়ের প্রতিফল দুর্নির্ব্যার্য | অন্যায়ের প্রতিফল অনিবার্য। |
| অঙ্কটি করতে ভুল করো না। | অঙ্কটি করতে ভুল করো না। |
| অনুরূপ, প্রতিরূপ, অন্তর্ভূক্ত, সন্যাস বানান শুদ্ধ করে লেখ। | অনুরূপ, প্রতিরূপ, অন্তর্ভুক্ত, সন্ন্যাস বানান শুদ্ধ করে লেখ। |
| অভ্যন্তরীন ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত | অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত |
| আমার আর বাঁচিবার স্বাদ নাই | আমার আর বাঁচিবার সাধ নাই |
| আমি সন্তোষ হলাম। | আমি সন্তুষ্ট হলাম। |
| আমি অপমান হয়েছি। | আমি অপমানিত হয়েছি। |
| আমি, তুমি ও সে ঘুরতে যাব | সে, তুমি ও আমি ঘুরতে যাব |
| আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব | আমৃত্যু দেশের সেবা করে যাব |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত। | আপনি সপরিবারে আমন্ত্রিত। |
| আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্যতা উচিত নয়। | আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত |
| ইহার আবশ্যক নাই। | ইহার আবশ্যকতা নাই। |
| **বিঃদ্র** আবশ্যক = বিশেষণ, আবশ্যকতা= বিশেষ্য | |
| ইদানীং সাবকাশ নাই | ইদানীং অবকাশ নাই |
| ইক্ষুর চারা বপন করা হইল | ইক্ষুর চারা রোপন করা হইল |
| উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম দরকার। | উৎপাদন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম দরকার। |
| এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি | এ ঘটনা প্রত্যক্ষ করেছি। |
| এ কথা প্রমাণ হয়েছে। | এ কথা প্রমাণিত হয়েছে। |
| এটা লজ্জাস্কর ব্যাপার। | এটা লজ্জাকর ব্যাপার। |
| একের লাঠি দশের বোঝা । | দশের লাঠি একের বোঝা। |
| এক অগ্রহায়ণে শীত যায় না। | এক মাঘে শীত যায় না। |
| এই কলমটিকে দিয়ে ভালো লেখা হয় | কলমটি দিয়ে ভালো লেখা হয়। |
| এখানে প্রবেশ নিষেধ। | এখানে প্রবেশ নিষিদ্ধ। |
| এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ হয়েছে | এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে |
| এমন অসহানীয় ব্যথা কখনো অনুভব করিনি। | এমন অসহ্য / অসহনীয় ব্যথা কখনো অনুভব করিনি। |
| এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায় | এখানে গরুর খাঁটি দুধ পাওয়া যায় |
| কেউ মরে বিল ছেঁচে, কেউ খায় শিং। | কেউ কেউ মরে বিল ছেঁচে, খায় কৈ। |
| কক্সবাজার পৃথিবীর সর্বাপেক্ষা দীর্ঘতম সমুদ্র সৈকত। | কক্সবাজার পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত। |
| | |

| | |
|---|---|
| কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয় | কাব্যটির উৎকর্ষ প্রশংসনীয়। |
| কালীদাস বিখ্যাত কবি। | কালিদাস বিখ্যাত কবি । |
| কি ভয়ানক বিপদ! | কী ভয়ানক বিপদ! |
| খেলা চলাকালীন সময়ে দুর্ঘটনা ঘটে | খেলা চলাকালীন দুর্ঘটনা ঘটে |
| গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে | গাছটি সমূলে / মূলসহ উৎপাটিত হয়েছে |
| গতকালের সভায় সকল সদস্যগণ উপস্থিত ছিলেন। | গতকালের সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন। |
| গাছে কাঁঠাল মাথায় তেল। | গাছে কাঁঠাল গোঁফে তেল। |
| গীতাঞ্জলী রবীঠাকুরের বিখ্যাত গ্রন্থ | গীতাগুলি রবি ঠাকুরের বিখ্যাত গ্রন্থ |
| গণিত খুব কঠিন | গণিত খুব জটিল |
| গৌরব লোপ পেয়েছে। | গৌরব লুপ্ত হয়েছে। |
| গোলাপ জলের পানি ছিটিয়ে দাও | গোলাপ জল ছিটিয়ে দাও। |
| ঘটনা বর্ণনা হয়েছে। | ঘটনা বর্ণিত হয়েছে। |
| ঘটনাটি শুনে তিনি আশ্চর্য হলেন। | ঘটনটি শুনে তিনি আশ্চর্যান্বিত হলেন |
| চোরটি সমালসুদ্ধ ধরা পড়েছে | চোরটি মালসুদ্ধ ধরা পড়েছে। |
| চোরে চোরে মামাতো ভাই। | চোরে চোরে মাসতুতো ভাই । |
| চোখে হলুদফুল দেখছি। | চোখে সর্ষে ফুল দেখছি। |
| ছেলেটি ভয়ানক মেধাবী | ছেলেটি খুব মেধাবী। |
| জ্যোৎস্নারাত বড়ই মাধুর্যময়। | জ্যোৎস্নারাত বড়োই মধুর। |
| জালাল সাহেব তার বন্ধুকে স্বপরিবারে দাওয়াত দিয়েছেন | জালাল সাহেব তার বন্ধুকে সপরিবারে দাওয়াত দিয়েছেন |
| ঢেঁকি বেহেস্তে গেলেও ধান ভানে | ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে |
| তার দুরাবস্থা দেখলে দুঃখী হয় | তার দুরবস্থা দেখলে দুঃখ হয় |
| তাহার সৌন্দর্য্যতায় মুগ্ধ হয়েছি | তার সৌন্দর্যে মুগ্ধ হয়েছি। |
| তারা একত্রে গমন করল । | তারা একত্র গমন করল। |
| তিনি আরোগ্য হলেন । | তিনি আরোগ্য লাভ করলেন । |
| তিনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন। | তিনি সস্ত্রীক ঢাকায় থাকেন। |
| তার কথার মাধুর্যতা নেই। | তার কথার মাধুর্য নেই। |
| তার কথার সঙ্গে কাজের সামঞ্জস্যতা নেই। | তার কথার সঙ্গে কাজের সামঞ্জস্য নেই। |
| তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন। | তিনি সস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন |
| তাহার উদ্ধতপূর্ণ আচরণে ব্যথিত হয়েছি। | উদ্ধত/ঔদ্ধত্যপূর্ণ আচরণে ব্যথিত হইয়াছি। |
| তরুণরাই জাতির আগামী ভবিষ্যৎ | তরুণরাই জাতির ভবিষ্যৎ। |
| তুমি আমার কাছে আরও প্রিয়তর। | তুমি আমার কাছে আরও প্রিয় |
| তিনি স্বসম্মানে হল ত্যাগ করলেন | তিনি সসম্মানে হল ত্যাগ করলেন |
| | |
| তবনাওয়ালা ভালো তবলা বাজায় | তবলাবাদক ভালোই তবলা বাজার |
| তারা মড়াদাহ করতে গেল। | তারা শবদাহ করতে গেল। |
| তার গাম্ভীর্যতাকে অনেকেই ভয় করে | তার গাম্ভীর্যকে অনেকেই ভয় করে |

| | |
|---|---|
| তাহার সাংঘাতিক আনন্দ হইল | তাহার খুব আনন্দ হইল। |
| তুমি গরুর শকটে চড়ে এলে। | তুমি গরুর গাড়িতে করে এলে |
| তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ | তাহার বৈমাত্রেয় ভাই অসুস্থ |
| তুমি কী আজ যাবে? | তুমি কি আজ যাবে? |
| তার জীবন সংশয়ময় | তার জীবন সংশয়াপন্ন। |
| দরিদ্রের কথা বাসি হলে ফলে | কাঙালের কথা বাসি হলে ফলে |
| দারিদ্রতাকে জয় করতে হলে পরিশ্রম কর। | দারিদ্র্যকে/দরিদ্রতাকে জয় করতে হলে পরিশ্রম কর। |
| দৈন্যতা প্রশংসনীয় নয়। | দীনতা/দৈন্য প্রশংসনীয় নয়। |
| দশচক্রে ঈশ্বর ভূত। | দশচক্রে ভগবান ভূত। |
| দুই নম্বর সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়েছে। | দুই নম্বর সাক্ষী মিথ্যা সাক্ষ্য দিয়েছে। |
| দেশের কল্যাণে সবার ঐক্যমত প্রয়োজন। | দেশের কল্যাণে সবার ঐকমত্য প্রয়োজন। |
| নিরপরাধী, নিষ্পাপীকে শাস্তি দেবে কেন? | নিরপরাধ, নিষ্পাপকে শাস্তি দেবে কেন? |
| নির্দোষীকে শাস্তি দিও না। | নির্দোষকে শাস্তি দিও না। |
| নদীর জল হ্রাস হয়েছে। | নদীর জল হ্রাস পেয়েছে। |
| নতুন নতুন ছেলেগুলো উৎপাত করছে | নতুন ছেলেগুলো উৎপাত করছে |
| পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্ণীয়মান। | পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণায়মান/ঘূর্ণ্যমান। |
| পরপকার মনুষত্বের পরিচালক | পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক |
| পরবর্তীতে আপনি এলে ভালো হবে | পরে আপনি এলে ভালো হবে |
| পুলিশ অপরাধী সম্পর্কে নিঃসন্দিহান | পুলিশ অপরাধী সম্পর্কে সন্দিহান |
| পূর্বদিকে সূর্য উদয় হয়। | পূর্বদিকে সূর্য উদিত হয়। |
| পোশাক পরিচ্ছেদ পরিষ্কার রাখবে | পোশাক পরিচ্ছদ পরিষ্কার রাখবে |
| প্রতি ঘরে ঘরে হাহাকার। | ঘরে ঘরে হাহাকার। |
| বিগত পরীক্ষায় প্রথম হইবার জন্য সে চেষ্টা করছে। | আগামী পরীক্ষায় প্রথম হবার জন্য সে চেষ্টা করছে। |
| বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। | বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। |
| বাংলাদেশ একটি সমৃদ্ধশালী | বাংলাদেশ একটি সমৃদ্ধিশালী দেশ। |
| বাংলাদেশ একটি উন্নতশীল দেশ | বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ |
| বিরাট গরু ছাগলের হাট বসেছে | গরু-ছাগলের বিরাট হাট বসেছে |
| বানান ভুল দোষণীয়। | বানান ভুল দূষণীয়। |
| বিধি লঙ্ঘন হয়েছে। | বিধি লঙ্ঘিত হয়েছে। |
| | |
| বাড়ির মালিক পিঠ প্রদর্শন করেছিল | বাড়ির মালিক যে পৃষ্ঠপ্রদর্শন করেছিল |
| বিভুতিভুষন মনোপীড়া লইয়া মহাশ্মশানে গিয়েছেন। | বিভূতিভূষণ মনঃপীড়া নিয়ে মহাশশ্মশানে গিয়েছেন। |
| বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় ৩০ কোটি। | বিশ্বে বাংলা ভাষীর সংখ্যা প্রায় ৩০ কোটি। |
| বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। | বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। |
| বঙ্কিমচন্দ্রের ভয়ঙ্কর প্রতিভা ছিল। | বঙ্কিমচন্দ্রের অসাধারণ প্রতিভা ছিল |
| বুনো কচু, বাঘা তেঁতুল। | যেমন বুনো ওল, তেমন বাঘা তেতুঁল |

| | |
|---|---|
| মুমূর্ষু রোগীকে শুশ্রসা করো । | মুমূর্ষু রোগীকে শুশ্রূষা করা। |
| মাতাহীন শিশুর কি দুঃখ। | মাতৃহীন শিশুর কী দুঃখ! |
| মেয়েটি বিদ্যান কিন্তু সুন্দরী নয় | মেয়েটি বিদুষী কিন্তু সুন্দর নয় |
| মাদকাশক্তি ভাল নয়। | মাদকাসক্তি ভালো নয়। |
| মহারাজা সভাগৃহে প্রবেশ করিলেন | মহারাজ সভাকক্ষে প্রবেশ করলেন |
| মেয়েটি পাগলি | মেয়েটি পাগল । |
| মেয়েটি সুকেশিনী ও সুহাসি । | মেয়েটি সুকেশা/সুকেশী ও সুহাসিনী |
| মেয়েটি স্বয়ম্বর। | মেয়েটি স্বয়ংবরা। |
| যাবতীয় প্রাণিকুল এ গ্রহের বাসিন্দা | সকল প্রাণী এই গ্রহের বাসিন্দা |
| যশ লাভ করবার জন্যে তার আকাঙ্খা খুব বেশি। | যশোলাভ করার জন্য তার আকাঙ্ক্ষা খুব বেশি। |
| রবি ঠাকুরের 'শেষের কবিতা' একটি বিখ্যাত কাব্য। | রবি ঠাকুরের 'শেষের কবিতা' একটি বিখ্যাত উপন্যাস। |
| রচনার উৎকর্ষতা অনস্বীকার্য। | রচনার উৎকর্ষ অনস্বীকার্য। |
| রীতিকে অতিক্রম না করেও যথারীতি সে বড় লোক। | যথারীতি সে বড় লোক । |
| শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করবো | শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি দেবো |
| শশীভূষণ কি আসে নি? | শশিভূষণ কি আসেনি? |
| শুধুমাত্র তুমি গেলেই হবে। | শুধু তুমি গেলেই হবে। |
| শিক্ষা ব্যবস্থা রাষ্ট্রকরণ করা উচিত | শিক্ষাব্যবস্থা রাষ্ট্রীয়করণ করা উচিত |
| সকল ছাত্রদের অবগতির জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। | ছাত্রদের অবগতির জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। |
| সবিনয়পূর্বক নিবেদন এই যে..... | সবিনয় নিবেদন এই যে..... |
| সবিনয় নিবেদন পূর্বক জানাচ্ছি | বিনয় পূর্বক নিবেদন জানাচ্ছি। |
| সশঙ্কিত চিত্তে আমি ঘরে ঢুকলাম | শঙ্কিত চিত্তে আমি ঘরে ঢুকলাম |
| সমুদয় পক্ষীই নীর বাঁধে | সমুদয় পক্ষীই নীড় বাঁধে |
| সাবধানপূর্বক চলবে। | সাবধানে চলবে। |
| সূর্য উদয় হয়েছে। | সূর্য উদিত হয়েছে। |
| সূর্য পূর্বাহ্নে ওঠে, মধ্যাহ্নে মধ্যগগণে এবং অপরাহ্নে অস্তগামী হয় | সূর্য পূর্বাহ্ণে ওঠে, মধ্যাহ্নে, মধ্যগগনে এবং অপরাহ্ণে অস্তগামী হয় |
| সে সমস্ত কথা বিস্তারিত বলল | সে সমস্ত কথা বলল। |
| সে আকণ্ঠ পর্যন্ত পাণ করেছে। | সে আকণ্ঠ পান করেছে। |
| সে গাছ হইতে অবতরণ করিল | সে গাছ থেকে নামল । |
| সুশিক্ষিত লোক মাত্রই সশিক্ষিত | সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত |
| সুনামীর তান্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে। | সুনামির তাণ্ডবে অনেকেই সর্বস্বান্ত হয়েছে। |
| সে কৌতুক করার কৌতুহল সম্বরণ করতে পারল না। | সে কৌতুক করার কৌতূহল সংবরণ করতে পারল না । |
| সে বড় মনোকষ্টে আছে | সে বড় মনঃকষ্টে আছে |
| হীন চরিত্রবান লোক পাশ্বাধম । | হীনচরিত্র লোক পশ্বধম । |
| হিমালয় পৃথিবীর সর্বাপেক্ষা বৃহত্তর পর্বত। | হিমালয় পৃথিবীর সর্বোচ্চ পর্বত। |
| হে ত্রিনয়নী, আমাকে রক্ষা করো | হে ত্রিনয়না, আমাকে রক্ষা করো |

**গুরুত্বপূর্ণ বানান**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| অংক | অঙ্ক | গৃহীনী | গৃহিণী | ভবিষ্যত | ভবিষ্যৎ |
| অকালপক্ক | অকালপক্ব | গনণা | গণনা | ভাগিরথী | ভাগীরথী |
| অকালকুস্মাণ্ড | অকালকুষ্মাণ্ড | গভর্ণর | গভর্নর | ভূবন | ভুবন |
| অগ্নাশয় | অগ্ন্যাশয় | গীতাঞ্জলী | গীতাঞ্জলি | ভুরি ভুরি | ভূরি ভূরি |
| অগ্নুৎপাত | অগ্ন্যুৎপাত | ঘন্টা | ঘণ্টা | ভূড়িওয়ালা | ভুঁড়িওয়ালা |
| অগ্নিবীনা | অগ্নিবীণা | ঘূর্নয়মান | ঘূর্ণয়মান (ঘূর্ণায়মান) | ভূল | ভুল |
| অচিন্ত | অচিন্ত্য | ঘ্রানেন্দ্রিয় | ঘ্রাণেন্দ্রিয় | মর্ত | মর্ত্য |
| অতিথী | অতিথি | চন্ডিদাস | চণ্ডীদাস | মধূসুদন | মধুসূদন |
| অত্যাধিক | অত্যধিক | চানক্য | চাণক্য | মরীচীকা | মরীচিকা |
| অদ্যপি | অদ্যাপি | চিকুণ | চিক্কণ | মনন্তর | মন্বন্তর |
| অদ্ভূত | অদ্ভুত | জলতাঙ্ক | জলাতঙ্ক | মনঃস্তত্ত্ব | মনস্তত্ত্ব |
| অর্ধাঙ্গিনী | অর্ধাঙ্গী | জাজ্বল্যমান | জাজ্বল্যমান | মরুদ্যান | মরূদ্যান |
| অনিন্দ | অনিন্দ্য | জোৎস্না | জ্যোৎস্না | মনযোগ | মনোযোগ |
| অনুর্ধ্ব | অনূর্ধ্ব | জলোচ্ছাস | জলোচ্ছ্বাস | মনঃহারিণী | মনোহারিণী |
| অন্তঃসত্তা | অন্তঃসত্ত্বা | টিকা টিপ্পনী | টীকা-টিপ্পনী | মুহুর্মূহু | মুহুর্মুহু |
| অন্তেষ্টিক্রিয়া | অন্ত্যেষ্টিক্রিয়া | তৎক্ষণাত | তৎক্ষণাৎ | মুহুর্ত | মুহূর্ত |
| অনুসূয়া | অনসূয়া | তদ্বতীত | তদ্ব্যতীত | মুখস্ত | মুখস্থ |
| অনূর্বর | অনুর্বর | তিতীক্ষা | তিতিক্ষা | **মুমূর্ষ** | **মুমূর্ষু** |
| অন্বেষন | অন্বেষণ | তুষ্ণীম্ভাব | তুষ্ণীম্ভাব | মূর্ধণ্য | মূর্ধন্য |
| অপাংতেয় | অপাঙ্-ক্তেয় | ত্রিভূজ | ত্রিভুজ | মৃনালিনী | মৃণালিনী |
| অভিষাপ | অভিশাপ | দরিদ্র্য | দরিদ্র | মাতৃস্বষা | মাতৃস্বসা |
| অভ্যন্তরীন | অভ্যন্তরীণ | দরিদ্রতা/দারিদ্র | দরিদ্র্যতা/দারিদ্র্য | যক্ষা | যক্ষ্মা |
| অমর্ত | অমর্ত্য | দধীচী | দধীচি | যদ্যাপি | যদ্যপি |
| অলঙ্ঘ | অলঙ্ঘ্য | দূর্গ | দুর্গ | যশঃলাভ | যশোলাভ |
| অশ্বথ | অশ্বত্থ | দুর্দশাগ্রস্ত | দুর্দশাগ্রস্ত | রূপায়ন | রূপায়ণ |
| অসূর্যস্পর্শা | অসূর্যম্পশ্যা | দূরতিক্রম | দুরতিক্রম | রৌদ্রকরোজ্জল | যৌনকরোজ্জ্বল |
| আকস্মাৎ | অকস্মাৎ | দুষ্কৃতকারি | দুষ্কৃতকারী | লজ্জাস্কর | লজ্জাকর |
| আধ্যাত্ম | অধ্যাত্ম | দোষণীয় | দূষণীয় | শুদ্ধ্যশুদ্ধি | শুদ্ধাশুদ্ধি |
| আকাঙ্খা | আকাঙ্ক্ষা | দেবীদাস | দেবিদাস | শশীভূষণ | শশিভূষণ |
| আভির্বাব | আবির্ভাব | দৌরাত্ম | দৌরাত্ম্য | শারীরীক | শারীরিক |
| আদ্র | আর্দ্র | দন্দ | দ্বন্দ্ব | শিরাপীয়া | শিরঃপীয়া |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আদ্যক্ষর | আদ্যাক্ষর | দ্ব্যার্থ | দ্ব্যর্থ | শিরোচ্ছেদ | শিরশ্ছেদ |
| আনুসঙ্গিক | আনুষঙ্গিক | ধ্বস | ধস | শূণ্য | শূন্য |
| আলশ্য | আলস্য | নৈঋত | নৈঋত | শ্যেণ | শ্যেন(বাজপাখি) |
| আষিস | আশিস | নিক্কণ | নিকণ | শত্রু (শাশুড়ি) | (শাড়ি) |
| আষাড় | আষাঢ় | নিপিড়ীত | নিপীড়িত | শ্মশ্রু (দাড়ি) | শ্মশ্রু (দাড়ি) |
| ইতিপূর্বে | ইতঃপূর্বে | নিরহংকারী | নিরহংকার | শশুর | শ্বশুর |
| ইতিমধ্যে | ইতোমধ্যে | নীশিথিনী | নিশীথিনী | শশ্মশাণ | শ্মশান |
| ইদানিং | ইদানীং | ন্যূব্জ | ন্যুব্জ | শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি |
| ঈন্দ্রিয় | ইন্দ্রিয় | ন্যূণাধিক | ন্যূনাধিক | শশ্রূষা | শুশ্রূষা |
| ঈন্দ্রজালিক/ঔন্দ্রজালিক | ইন্দ্রভানিক/ঐন্দ্রজালিক | পক্ক | পক্ব | শ্রদ্দাস্পাদাসু | শ্রদ্ধাস্পদেষু |
| উচ্ছাস | উচ্ছ্বাস | পিপিলিকা | পিপীলিকা | শ্লেস্মা | শ্লেষ্মা |
| উচ্চৈস্বরে | উচ্চৈঃস্বরে | পূন্য | পুণ্য | সূচিস্মতা | শুচিস্মিতা |
| উৎকর্ষতা | উৎকর্ষ/উৎকৃষ্টতা | পিচাশ | পিশাচ | ষাম্মাসিক | ষাণ্মাসিক |
| উদ্ধত্য | উদ্ধত / ঔদ্ধত্য | পৌরহিত্য | পৌরোহিত্য | শংসপ্তক | সংশপ্তক |
| উদ্‌ঘিরন | উদ্‌গরণ | প্রতীতী | প্রতীতি | সংকীর্নমনা | সংকীর্ণমনা |
| ঊর্ধ্ব | উদ্ভিজ্জ | প্রত্যুতপন্নমতি | প্রত্যুৎপন্নমতি | সখ্যতা | সখ্য |
| উদ্ভিজ | ঊর্ধ্ব | প্রোজ্বল | প্রোজ্জ্বল | স্বচ্ছল | সচ্ছল |
| ঊর্মি | ঊর্মি | প্রজ্জ্বলিত | প্রজ্বলিত | সন্নাসী | সন্ন্যাসী |
| উজ্জ্বল্য | ঔজ্জ্বল্য | প্রাতঃকৃত | প্রাতঃকৃত্য | সমভিব্যহারে | সমভিব্যাহারে |
| এতদ্দারা/এতদারা | এতদ্বারা | প্রাণীবিদ্যা | প্রাণিবিদ্যা | সমীচিন | সমীচীন |
| এতদ্বতীত | এতদ্ব্যতীত | পাষান | পাষাণ | সহপাঠিনী | সহপাঠিনী |
| ঐক্যতা | ঐক্য | বক্ষমাণ | বক্ষ্যমাণ | স্বরস্বতী | সরস্বতী |
| ঐক্যতান | ঐকতান | বন্দোপাধ্যায় | বন্দ্যোপাধ্যায় | সরিসৃপ | সরীসৃপ |
| ঐক্যমত | ঐকমত্য | বহৃৎসব | বহ্বুৎসব | স্বত্ত্ব | স্বত্ব |
| ঐশর্য | ঐশ্বর্য | বয়ঃজেষ্ঠ্য | বয়োজ্যেষ্ঠ | স্বত্ত | সত্ত্ব |
| ওতোপ্রোতভাবে | ওতপ্রোতভাবে | বয়সন্ধি | বয়ঃসন্ধি | স্বত্ত্বা | সত্তা |
| কচিৎ | ক্বচিৎ | বাল্মিকি | বাল্মীকি | সূচ | সূচ্যগ্র |
| কনিষ্ট | কনিষ্ঠ | বিদ্যজ্জন | বিদ্বজ্জন | সুদন | সূদন |
| কংকণ | কঙ্কণ | বিবাদি | বিবাদী | স্বার্থক | সার্থক |
| কণীনিকা | কনীনিকা | বিভিষিকা | বিভীষিকা | সামর্থ | সামর্থ্য |
| কৃচ্ছ্র | কৃচ্ছ | বুদ্ধিজীবি | বুদ্ধিজীবী | সান্তনা | সান্ত্বনা |
| কীর্তিবাস | কৃত্তিবাস | ব্যূৎপত্তি | ব্যুৎপত্তি | সারথী | সারথি |
| কৃষিজীবি | কৃষিজীবী | ব্যুহ | ব্যূহ | স্বায়ত্বশাসন | স্বায়ত্তশাসন |
| কাংখিত | কাঙ্ক্ষিত | বৈদগ্ধ | বৈদগ্ধ্য | স্বত্ত্বাধিকার | স্বত্বাধিকার |
| ক্ষুতপীড়িত | ক্ষুৎপীড়িত | ভৎসনা | ভর্ৎসনা | হরিত | হরিৎ |
| ক্ষীণজিবী | ক্ষীণজীবী | ভবিষ্যৎবাণী | ভবিষ্যদ্বাণী | হৃৎপিন্ড | হৃৎপিণ্ড |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রুর | ক্রূর | ভৌগলিক | ভৌগোলিক | হীনমন্যতা | হীনম্মন্যতা |

**বানানের বৈচিত্র্য (উভয় শব্দই শুদ্ধ)**

| | | |
|---|---|---|
| ১। অন্তঃস্থ (ভিতর) / অন্তস্থ (শেষে ) | ১১। গুণ / গুনে গুনে (গণনা অর্থে) | ২১। ব্রাহ্মণ / বামন |
| ২। অনুবাদ / অনূদিত | ১২। জ্যেষ্ঠ (বড়) / জ্যৈষ্ঠ (মাস) | ২২। ভূমি / ভুঁই |
| ৩। আসত্তি / আসক্তি | ১৩। দরুন / দারুণ | ২৩। মরু / মরূদ্যান |
| ৪ । ইতঃপূর্বে/ ইতোমধ্যে | ১৪। দোষ / দূষণ | ২৪ । লণ্ঠন / লুণ্ঠন |
| ৫। উদ্ধত / ঔদ্ধত্য | ১৫। ধরন / ধারণ | ২৫। শান্ত / সান্ত্বনা |
| ৬ । এক্ষণ / এখন | ১৬। নতুন / নূতন | ২৬। শ্বশুর / শাশুড়ি |
| ৭। কটু / কটূক্তি | ১৭। দীঘির পাড় / পুকুরপার (নদী পার | ২৭। সর্বজনীন / সার্বজনীন |
| ৮ । কৌতুক / কৌতূহল | ১৮। পূজা / পুজো | ২৮। সহ / দুর্বিষহ |
| ৯। কোণ / কোনা (নেত্রকোনা) | ১৯। বিদ্যা / বিদ্বান | ২৯। স্বার্থ / সার্থক |
| ১০। ক্ষণিক / খানিক | ২০। বধূ / বঁধু (বন্ধু) | ৩০। সূতা / সুতো |

[redacted]